

# ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি অধীনে গেল সরকারি সাত কলেজ

ইন্ডেক্স ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ১৪ আগস্ট ২০২৫, ১৮:১৭



ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) অধিভুক্ত সরকারি সাত কলেজের প্রশাসনিক, একাডেমিক ও আর্থিক দায়িত্ব আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করা হয়েছে প্রস্তাবিত ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি কর্তৃপক্ষের কাছে। একই সঙ্গে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের ছবি, তথ্য এবং ভর্তি পরীক্ষার ফিও নতুন ইউনিভার্সিটির কাছে তুলে দেওয়া হয়।

 **দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন**

বৃহস্পতিবার (১৪ আগস্ট) ঢাবি উপাচার্যের কার্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান এসব দায়িত্ব হস্তান্তর করেন প্রস্তাবিত ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির অন্তর্বর্তীকালীন প্রশাসক অধ্যাপক একেএম ইলিয়াসের কাছে।

এই হস্তান্তরের মাধ্যমে সাত কলেজকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি থেকে আলাদা করে নতুন বিশ্ববিদ্যালয়ের অধীনে সম্পূর্ণ স্বাধীনভাবে পরিচালনার পথ চূড়ান্তভাবে সুগম হলো।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঢাবির প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুস সালাম, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মুনসী শামস উদ্দিন আহম্মদ, অনলাইন ভর্তি কমিটির আহ্বায়কসহ সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তা ও সাত কলেজের অধ্যক্ষরা।

উল্লেখ্য, চলতি বছরের জানুয়ারিতে ঢাবি উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদের সঙ্গে সাত কলেজের অধ্যক্ষদের এক জরুরি বৈঠকে ঢাবি থেকে আলাদা হওয়ার সিদ্ধান্ত চূড়ান্ত করা হয়েছিল। এবার সেই সিদ্ধান্ত বাস্তবায়নের পথে চূড়ান্ত পদক্ষেপ হিসেবে এই হস্তান্তর সম্পন্ন হলো।

ইত্তেফাক/আইএ